

তারিখ: ১২ মার্চ, ২০১৭।

কোস্ট ট্রাস্ট এর শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তি সুরক্ষা নীতিমালা

১. ভূমিকা:

একটি মূল্যবোধসম্পন্ন অধিকার ভিত্তিক সংগঠন হিসেবে কোস্ট ট্রাস্ট বিশ্বাস করে যে, প্রতিটি শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তির স্বাভাবিক বেঁচে থাকার অধিকার আছে। আর তাই সংশ্লিষ্ট ক্ষেত্রে যথাযথ উদ্যোগ গ্রহণ করা কোস্ট ট্রাস্টের দায়িত্ব। কোস্ট ট্রাস্টের প্রতিটি স্থান হবে শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তির জন্য নিরাপদ স্থান। কোস্ট ট্রাস্টের প্রতিটি কর্মী হবে শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তির জন্য নিরাপদ সমাজ প্রতিষ্ঠার অগ্রপথিক। একই সাথে কোস্ট বিশ্বাস করে সমাজের নানা স্তরে অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তি বসবাস করে যাদের সুরক্ষা, মর্যাদা নিশ্চিত এবং নিরাপত্তা প্রদান করা কোস্টের প্রতিটি কর্মীর নৈতিক দায়িত্ব ও কর্তব্য।

২. উদ্দেশ্যসমূহ:

- ২.১ কোস্ট ট্রাস্টের বিভিন্ন পর্যায়ে শিশুদের এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তিদের শারীরিক, মানসিক বা অন্য সকল ধরনের হয়রানি থেকে সুরক্ষা দেওয়া।
- ২.২ কোস্টের সকল সহকর্মীদের মধ্যে শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তিদের সুরক্ষা বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা এবং সুরক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে তাদের মধ্যে তাড়না সৃষ্টি করা।
- ২.৩ কোস্টের বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণকারীদের মধ্যে শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তিদের সুরক্ষা বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা এবং শিশুর সুরক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে তাদের মধ্যে তাড়না সৃষ্টি করা।

৩. সংজ্ঞা

- ৩.১ ১৮ বছরের কম বয়সী সকল মানুষ বা মানব সন্তানই শিশু। একই সাথে ১৮ বছর বয়সের উপরে যেকোন এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তি এই নীতিমালার আওতায় পড়বে।
- ৩.২ নিপীড়ন: শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তিদের প্রতি সকল ধরনের শারীরিক, মানসিক নির্যাতন এবং অবহেলা এই নীতির আওতায় আসবে।
- ৩.৩ শারীরিক নির্যাতন: কোন শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তিদের ইচ্ছা করে শারীরিকভাবে আহত করা, বা আহত করার হুমকি দেওয়া। থাপ্পড়, লাথি, কামড় দেওয়াসহ যেকোন আচরণ, যা তাদেরকে শারীরিকভাবে আহত করতে পারে, জখম করতে পারে তাই নির্যাতন হিসেবে গণ্য হবে। অন্যদিকে এমন কোনও পরিবেশ তৈরি করা, যা শিশুদের তারা শারীরিকভাবে আঘাত পেতে পারে তাও শারীরিক নির্যাতনের সংজ্ঞার আওতায় পড়বে।
- ৩.৪ মানসিক নির্যাতন: যে আচরণ শিশুকে এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তিদের মানসিকভাবে কষ্ট দেয়, তার মর্যাদা হানি করে এবং শিশুদের ক্ষেত্রে স্বাভাবিক বিকাশকে ব্যাহত করে তা মানসিক নির্যাতন। একইসাথে অকারণে বকাঝকা করা, হুমকি দেওয়া ইত্যাদি মানসিক নির্যাতনের আওতায় পড়বে।
- ৩.৫ যৌন নির্যাতন: কোনও শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তির সঙ্গে ইচ্ছার বিরুদ্ধে এবং শিশুদের ক্ষেত্রে তার ইচ্ছাতেও যৌন সম্পর্ক স্থাপন যৌন নির্যাতন বলে গণ্য হবে।
- ৩.৬ অবহেলা: শিশুর প্রতি স্বাভাবিক যত্ন নেওয়ার ক্ষেত্রে অবহেলা করা হলে সেটাও তার প্রতি এক ধরনের নির্যাতন।
৪. এই নীতিমালার আওতা: এই নীতিমালাটি কোস্ট ট্রাস্টের সকল স্থায়ী, অস্থায়ী, চুক্তিভিত্তিক, স্বেচ্ছাসেবী, অবৈতনিক কর্মীদের বেলাতেই সমানভাবে প্রযোজ্য হবে।

৫. কোস্টের কর্মী হিসেবে দায়িত্ব


- ৫.১ শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তিদের প্রতি সম্মানজনক আচরণ করতে হবে।



Sanat K Bhowmik
Director
COAST Trust



Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Trust



Begum Shamsun Nahar
Chairperson-Board of Trustee
COAST Trust



- ৫.২ শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তিদের জন্য ইতিবাচক পরিবেশ তৈরি করতে হবে।
- ৫.৩ কর্মী বা কর্মসূচির অংশগ্রহণকারীর শিশুর জন্য কর্মক্ষেত্রে নিরাপদ হিসেবে তৈরি করতে হবে
- ৫.৪ এই নীতিমালার আওতায় নির্যাতনের আওতায় যেসব আচরণ উল্লেখ করা হয়েছে সেগুলো অবশ্যই বর্জন করতে হবে।
- ৫.৫ নির্যাতনের কোনও ঘটনা ঘটলে বা ঘটার আশংকা দেখা দিলে, এই ধরনের কোনও সন্দেহ হলে তা দ্রুত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। এই ধরনের ঘটনা জেনেও বা বুঝেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে না জানানোও এই নীতিমালার লঙ্ঘন বলে বিবেচিত হবে।
- ৫.৬ এই নীতিমালা ভঙ্গকারী কর্মীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৬. শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তিদের নির্যাতনের তথ্য বা নির্যাতনের আশংকা, বুকি প্রকাশ করার উপায়:

- ৬.১ কোর্টের কোনও কার্যালয়ে বা কোনও কর্মীর বিরুদ্ধে শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তিদের নির্যাতনের সঞ্জো জড়িত হলে, বা সংস্থার কোনও কার্যক্রমে দুর্নীতির সম্ভাবনা দেখলে যে কেউ সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাদেরকে অবহিত করতে পারেন।
- ৬.২ তথ্য অবহিত করার জন্য ফোন, ইমেইলসহ যোগাযোগের যেকোনও মাধ্যম ব্যবহার করা যাবে।
- ৬.৩ এক্ষেত্রে কোর্টের অভিযোগ নিষ্পত্তি নীতিমালা, কোর্টের তথ্য অধিকার নীতিমালা প্রযোজ্য হবে।

৭. শিশু এবং অসহায়/অবহেলিত/বঞ্চিত পূর্ণবয়স্ক ব্যক্তিদের নির্যাতনের তথ্য প্রকাশকারীর সুরক্ষা: সংস্থার কোনও কর্মী বা অন্য যে কেউ শিশু নির্যাতনের কোনও তথ্য দিলে তার সুরক্ষার দায়িত্ব সংস্থা গ্রহণ করবে।

৮. এটি পরবর্তীতে কোর্ট মানব সম্পদ নীতিমালার আওতাভুক্ত হবে।

৯. নীতিমালাটি ২২ এপ্রিল, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ৯৩ তম ট্রাস্টি বোর্ডের সভায় অনুমোদিত হয়।

ধন্যবাদসহ

প্রস্তুতকরণে

সুপারিশক্রমে

অনুমোদনে

সনত কুমার ভৌমিক
পরিচালক

Sanat K Bhowmik
Director
COAST Trust

রেজাউল করিম চৌধুরী
নির্বাহী পরিচালক

Karim Chowdhury
Executive Director
COAST Trust

বেগম শামসুন নাহার
চেয়ারপারসন

Begum Shamsun Nahar
Chairperson-Board of Trustees
COAST Trust